৯

# ইসলামিক ফাউন্ডেশন
## প্রশাসন বিভাগ

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.islamicfoundation.gov.bd

নম্বর- ১৬.০১.০০০০.০০১.১২.০২৫.২৩.৬৫২৭

তারিখ : ৩০ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

## নিয়োগ পত্র

ইসলামিক ফাউন্ডেশনের ২৭ জুলাই ২০২৫ তারিখের ১৬.০১.০০০০.০০১.১২.২৬.২৩.২৯৯নং সূত্রে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে ইসলামিক ফাউন্ডেশনের ১০ম গ্রেড-২০তম গ্রেডের বিভিন্ন পদে নিয়োগ ও পদোন্নতি প্রদানের জন্য গঠিত কমিটির ১২-০৪-২০২৬ তারিখের সভার সুপারিশ মোতাবেক প্যানেল (অপেক্ষমাণ তালিকা) থেকে ইসলামিক ফাউন্ডেশনের রাজস্ব খাতভূক্ত **লাইব্রেরী সহকারী** শূন্য পদে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর গ্রেড-১১, ১২৫০০-৩০২৩০ টাকা বেতনক্রমে নিম্নেবর্ণিত নিয়োগাধীন কর্মচারীকে শর্তসাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো।

| ক্রম | নাম, পিতা ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা |
|---|---|---|---|
| ১. | নাম: আবু সাঈদ<br>পিতা: নজরুল ইসলাম<br>মাতা: রিজিয়া খাতুন<br>জন্ম তারিখ: ০৫-১০-১৯৯৪ | গ্রাম: বড় দুধপাতিলা<br>ডাকঘর: দর্শণা৭২২১<br>উপজেলা: দুমুরহুদা<br>জেলা: চুয়াডাঙ্গা | গ্রাম: বড় দুধপাতিলা<br>ডাকঘর: দর্শণা৭২২১<br>উপজেলা: দুমুরহুদা<br>জেলা: চুয়াডাঙ্গা |
| ২. | নাম: মো: সফিকুল ইসলাম<br>পিতা: মো: মোকছেদ আলী<br>মাতা: তমিজন খাতুন<br>জন্ম তারিখ : ০১-০১-১৯৯৪ | গ্রাম: কসমতলা<br>ডাকঘর : পাঁচগাজী-৫৬৬০<br>উপজেলা: কুড়িগ্রাম সদর<br>জেলা: কুড়িগ্রাম | গ্রাম: কসমতলা<br>ডাকঘর : পাঁচগাজী-৫৬৬০<br>উপজেলা: কুড়িগ্রাম সদর<br>জেলা: কুড়িগ্রাম |

শর্তাবলীঃ

১। সংশ্লিষ্ট জেলা বা ঢাকার সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য পরীক্ষার সন্তোষজনক রিপোর্ট দাখিল করতে হবে; অন্যথায় যোগদানপত্র গ্রহণ করা হবে না।

২। যোগদানের তারিখ থেকে পরবর্তী ৩ (তিন) মাসের মধ্যে সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন এর নিকট পৌঁছাতে হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্টে কোন বিরূপ তথ্য পরিলক্ষিত হলে বা নির্ধারিত সময়ের মধ্যে রিপোর্ট না পৌঁছালে এই নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৩। যদি কোন বিদেশী নাগরিকদের বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তা হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে। এ কারণে বাংলাদেশের নাগরিক নয় এরূপ কোন ব্যক্তিকে বিবাহ করেননি অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হননি মর্মে যোগদানের সময় কর্তৃপক্ষকে লিখিতভাবে অঙ্গীকারনামা দিতে হবে।

৪। যোগদানের তারিখ থেকে ২ (দুই) বৎসর শিক্ষানবিশ হিসেবে থাকতে হবে। শিক্ষানবিশের মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ যদি মনে করেন যে, আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা দক্ষতা প্রদর্শনের সম্ভাবনা নেই, সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকেই ১ (এক) মাসের লিখিত পুর্ব নোটিশ প্রদান করে অথবা উক্ত নোটিশের পরিবর্তে ১ মাসের বেতন প্রদান করে কোন শিক্ষানবিসের চাকুরির অবসান ঘটাতে পারবেন এবং এইরূপ চাকুরী অবসানের কারণে উক্ত শিক্ষানবিশ কোন প্রকার ক্ষতিপূরণ দাবী করতে পারবেন না।

৫। চাকুরী থেকে ইস্তফাদান করতে হলে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট ৩(তিন) মাসের লিখিত পুর্ব নোটিশ প্রদান না করে চাকুরী ত্যাগ করতে বা চাকুরী হতে বিরত থাকতে পারবেন না এবং এইরূপ নোটিশ প্রদানের ব্যর্থতার ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষকে ৩(তিন) মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসেবে প্রদান করতে বাধ্য থাকবেন।

চলামান পাতা-২

Ahaque ১৩/৪/২০২৬

৬। চাকুরী ইসলামিক ফাউন্ডেশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী বিধিমালা ১৯৯৮-এর বিধি বিধান এবং তৎসংশ্লিষ্ট যে সকল ক্ষেত্রে সরকারী চাকুরী বিধি অনুসরণ করা প্রয়োজন সে সকল ক্ষেত্রে সরকারী চাকুরী বিধি অনুসরণপূর্বক আবেদনের ভিত্তিতে চাকুরী স্থায়ী করা হবে।

৭। ইসলামিক ফাউন্ডেশনের চাকুরিতে যোগদানের সাথে সাথে বিশ্বস্ততা ও গোপনীয়তা রক্ষায় অঙ্গীকারাবদ্ধ মর্মে ঘোষণাপত্রের ২(দুই) কপি যোগদানপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে।

৮। চাকুরি ইসলামিক ফাউন্ডেশন আইন-১৯৭৫, ইসলামিক ফাউন্ডেশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি বিধিমালা, ১৯৯৮ এবং ইসলামিক ফাউন্ডেশন কর্মচারী (অবসর ভাতা ও সাধারণ ভবিষ্য তহবিল) প্রবিধানমালা, ২০১৪ দ্বারা নিয়ন্ত্রিত হবে। ব্যক্তিগত জীবনে এবং কর্মস্থলে সম্পূর্ণ ইসলামী আমল আখলাক-এর অনুসারী হতে হবে। নিয়োগপত্রে সুনির্দিষ্টরূপে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে চাকুরি সংক্রান্ত সরকারী/ইসলামিক ফাউন্ডেশনের প্রচলিত চাকুরি বিধি, আদেশ এবং অত্র সংস্থা কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধানসমূহ তাদের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৯। পূর্ব থেকে অন্য কোন সরকারী বিভাগ/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/সংস্থা/অত্র সংস্থায় চাকুরিতে নিয়োজিত থাকেন তা হলে সংশ্লিষ্ট অফিসের/সংস্থার অফিস প্রধান কর্তৃক ইস্যুকৃত ছাড়পত্র (রিলিজ অর্ডার) যোগদান পত্রের সাথে দাখিল করতে হবে।

১০। সমমান গ্রেডভুক্ত যে কোন পদে ইসলামিক ফাউন্ডেশনের যে কোন বিভাগ/শাখায় বদলী করা হলে তাতে কোন আপত্তি গ্রাহ্য হবে না।

১১। যোগদানের সময় জাতীয় পরিচয় পত্রের মূল কপি, শিক্ষাগত যোগ্যতার মূল সনদ এবং অভিজ্ঞতা সনদের মূল কপি প্রদর্শন করতে হবে। উল্লিখিত কাগজপত্র যথারীতি সঠিক বলে প্রমাণিত হলে নিয়োগপত্র কার্যকর হবে; অন্যথায় বাতিল বলে গণ্য হবে।

১২। উপর্যুক্ত শর্তাবলীর প্রতি তাদের সম্মতি রয়েছে এবং শর্তসমূহের কোন ব্যত্যয় ঘটেনি বা ভবিষ্যতে ঘটবে না মর্মে যোগদানপত্রের সঙ্গে ৩০০/-(তিনশত) টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে হলফনামা দাখিল করতে হবে।

১৩। উপরে বর্ণিত শর্তাবলীতে সম্মত হলে আগামী ২৮ এপ্রিল ২০২৬ তারিখ মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। বর্ণিত তারিখ যোগদান করতে ব্যর্থ হলে নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

১৪। চাকুরিতে যোগদানের জন্য কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

১৫। এ নিয়োগপত্র ইসলামিক ফাউন্ডেশন-এর স্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

13/4/26

আঃ ছালাম খান
মহাপরিচালক
ইসলামিক ফাউন্ডেশন
ফোন: ০২-২২২২১৮২৫৯।

অনুলিপিঃ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
২. সচিব, ইসলামিক ফাউন্ডেশন
৩. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪. পুলিশ সুপার, ঢাকা/চুয়াডাঙ্গা/কুড়িগ্রাম জেলা (অত্র সংস্থায় নবনিযুক্ত কর্মচারীদের পরিচয় ও আচরণ সম্পর্কে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
৫. সিভিল সার্জন, ঢাকা/চুয়াডাঙ্গা/কুড়িগ্রাম (অত্র সংস্থায় নবনিযুক্ত উক্ত কর্মচারীর স্বাস্থ্য যথারীতি পরীক্ষাপূর্বক তার স্বাস্থ্যগত উপযুক্ততা সম্পর্কে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
৬. পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন
৭. পরিচালক, আইসিটি বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন (ইসলামিক ফাউন্ডেশনের ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৮. জনাব .................................................।
৯. সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।